"Working Today To Shine Tomorrow"

BKMEA
Bangladesh Knitwear Manufacturers & Exporters Association

বিকেএমইএ ঃ ৭০০/কাস/সিটিজি/২০২৫/০৮/০২১১
২৮ আগষ্ট, ২০২৫

**অতীব জরুরী**

# সম্মানিত সকল সদস্যদের জন্য

বিষয় ঃ কাস্টমস হাউস, চট্টগ্রাম কর্তৃক অনুমোদিত বেসরকারি ইনল্যান্ড কন্টেইনার ডিপো/অফ-ডকসমূহে আমদানি পণ্য স্থানান্তর, মালামাল আনষ্টাফিং ও ডেলিভারীর নিমিত্ত নির্দেশনা অবহিতকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে আপনার সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো।

নিটওয়্যার শিল্পকারখানার আইসিডি/অফ-ডকসমূহের মাধ্যমে আমদানিকৃত পণ্যচালান খালাসের ক্ষেত্রে জটিলতা, সময়ক্ষেপণ ও সক্ষমতার ঘাটতির বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ড, কাস্টমস ও চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের সাথে বিকেএমইএ সভাপতি মোহাম্মদ হাতেম মহোদয়ের নিরলস প্রচেষ্টার ফলে চট্টগ্রাম বন্দরের অপারেশনাল কার্যক্রম অবিঘ্নিতভাবে পরিচালনা এবং দেশের আমদানি-রপ্তানি বাণিজ্য নিরবিচ্ছিন্ন (Trade Facilitation) রাখার স্বার্থে নিম্নরুপ কার্যক্রম বাস্তবায়ন করা হবে।

ক। জাহাজ থেকে যেদিন কন্টেইনার নামবে, সেদিনই অফ-ডকে নিতে হবে।
খ। যদি কোন কারণে একটি লাইন/পণ্যচালানের সবগুলো কন্টেইনার প্রথম দিনে সুনির্দিষ্ট কারণে অফ-ডকে নিয়ে যাওয়া সম্ভব না হয় তাহলে দ্বিতীয় দিন ঐ নির্দিষ্ট লাইন/ পণ্যচালানের অবশিষ্ট কন্টেইনার অফ-ডকে নেয়া সম্পন্ন করতে হবে। একটি লাইনের/ চালানের সকল কন্টেইনার অফ-ডকে স্থানান্তরের পরেই চার্জ ধার্য করতে হবে।
গ। যদি কোন বিশেষ পরিস্থিতিতে/ সক্ষমতার ঘাটতির কারণে অফ-ডক কর্তৃপক্ষ যথাযথভাবে কন্টেইনার হ্যান্ডেল করতে ব্যার্থ হয়; সেক্ষেত্রে কমিশনার, কাস্টমস হাউস, চট্টগ্রাম নিজ বিবেচনায় 'ডুয়েল ডেলিভারি' অনুমোদন প্রদানের ক্ষমতা সংরক্ষণ করবেন।

এ বিষয়ে বিস্তারিত তথ্যের জন্য নিম্নোক্ত কর্মকর্তাদের সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

| ক্র/নং | বিকেএমইএ অফিস | কর্মকর্তার নাম | পদবী | মোবাইল | ইমেইল |
|---|---|---|---|---|---|
| ০১ | প্রধান কার্যালয়, না.গঞ্জ | মোহাম্মদ হোসেন মুন্না | যুগ্ম সচিব | ০১৭১১-৩৫০১২৮ | munnaud2012@gmail.com |
| ০২ | ঢাকা অফিস | ফেরদৌস ইবনে রাজ্জাক | উপ সচিব | ০১৭১২-২৮৩৭৮৮ | automation@bkmea.com |
| ০৩ | চট্টগ্রাম অফিস | আমান হোসেন | উপ সচিব | ০১৮১৪-২৫০৬৫৮ | udctg@bkmea.com |

উল্লেখিত বিষয়টি আপনাদের অবগতির জন্য প্রেরণ করা হলো।

ধন্যবাদান্তে

মোঃ মাহাবুবুর রহমান
সচিব (ভারপ্রাপ্ত)

সংযুক্তি ঃ জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক ইস্যুকৃত চিঠির কপি।

**Head Office :** BKMEA Bhaban, Chasara, Narayanganj-1400, Bangladesh.
**Phone :** 02224437646, **E-mail :** info@bkmea.com
**Dhaka Office :** Planners Tower (4th Floor), 13/A, Sonargaon Road, Banglamotor, Dhaka-1000, Bangladesh.
**Phone :** 223362257, E-mail : info@bkmea.com
**Chattogram Office :** S. Alam Center (3rd Floor) 58, Agrabad C/A, Chattogram, Bangladesh.
**Phone :** 02 333324342, E-mail : bkmeactg@bbts.net, **Web :** www.bkmea.com